দৈনিক সংবাদ

126

তারিখ ... 04 APR 1988 ...
পৃষ্ঠা ... কলাম 2 ...

### জগন্নাথ কলেজ ছাত্রদল সম্মেলনে হামলার জের

# জীপ ও বাসে অগ্নিসংযোগ প্রতিমন্ত্রী আহত

(নিজস্ব বার্তা পরিবেশক)

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে জাতীয়তাবাদী ছাত্রদলের সম্মেলন গতকাল গোলযোগের কারণে হতে পারেনি। এই ঘটনার জের হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা ও জাতীয় প্রেসক্লাবের কাছে একটি বাস ও একটি জীপে অগ্নিসংযোগ এবং একজন প্রতিমন্ত্রীর গাড়ীসহ ৩টি গাড়ী ভাঙচুর করা হয়েছে। গোলযোগের সময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে কমপক্ষে ৩০জন ছাত্র আহত হয়। পুলিশ জাতীয় প্রেস ক্লাবের কাছে লাঠিচার্জ করে ছাত্রদের ছত্রভঙ্গ এবং ১২ জনকে গ্রেফতার করে।

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

### প্রতিমন্ত্রী আহত

(১ম পাতার পর)

এই ঘটনার প্রতিবাদে ছাত্র দল আগামীকাল বুধবার ছাত্র ধর্মঘট আহ্বান করেছে।

জাতীয়তাবাদী ছাত্র দলের জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ শাখার সম্মেলন গতকাল সকাল ১০টায় কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। অনুষ্ঠানে বিএনপি মহাসচিব আবদুস সালাম তালুকদার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বেলা ১১টার দিকে কলেজ প্রাঙ্গণে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মাধ্যমে সম্মেলনের কাজ শুরু হয়; কিন্তু মিলনায়তনে সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন হওয়ার আগেই একদল ছাত্র সরকারের সমর্থনে বিভিন্ন শ্লোগান দিতে দিতে মিলনায়তনে প্রবেশ করে। ফলে মিলনায়তনের ভিতরে বিশৃংখলার সৃষ্টি হয়।

জাতীয়তাবাদী ছাত্রদলের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে যে, আগ্নেয়াস্ত্রে সজ্জিত আক্রমণকারীরা সম্মেলনস্থলে গুলী বর্ষণ ও চেয়ার ভাঙচুর করে। এই হামলায় সম্মেলনে উপস্থিত বিএনপি যুগ্ম-মহাসচিব আবদুল মতিন চৌধুরী, ছাত্রদলের সাধারণ সম্পাদক আমানুল্লাহ আমানসহ বেশকিছু লোক আহত হন। হামলাকারীদের সন্ত্রাসের ফলে সাধারণ ছাত্রছাত্রীরা ভয়ে ছোটাছুটি শুরু করে এবং মুহূর্তে মধ্যে কলেজ অঙ্গন ফাঁকা হয়ে যায়।

এই ঘটনার পর জগন্নাথ কলেজ থেকে ছাত্রদলের কর্মী ও সমর্থকরা বিক্ষোভ মিছিল নিয়ে বিশ্ববিদ্যালয় এলাকায় চলে আসে। জগন্নাথ কলেজের ঘটনায় বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল সমর্থকদের মধ্যে তীব্র উত্তেজনার সৃষ্টি হয়। ছাত্ররা সেখান থেকেও বিক্ষোভ মিছিল বের করে এবং টিএসসি চত্বরের দিকে অগ্রসর হয়। দুপুর ১টা ২০ মিনিটে টিএসসি'র মোড়ে বিআরটিসি'র একটি বাস মিছিলকারীদের সামনে পড়লে সেটি আক্রান্ত হয় এবং বাসটি পুড়িয়ে দেয়া হয়। পরে কেন্দ্রীয় শহীদ মিনারের কাছে খাদ্য পরিদফতরের একটি জীপেও আগুন দেয়া হয়। বেলা ২টার কিছু আগে জাতীয় প্রেসক্লাব ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের মধ্যবর্তী রাস্তায় ৩টি সরকারী গাড়ী বিক্ষোভকারীরা ভাঙচুর করে। এরমধ্যে একটি গাড়ী ছিল সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী টি, এম, গিয়াসউদ্দিন আহমদের। প্রতি-